



# বুড়োর কাণ্ড



শ্রীনগেন্দ্রনাথ দাস প্রণীত

মূল্য এক আনা।

# বুড়োর কাণ্ড

বুড়োর কাণ্ড দেখ্‌ছে লোকে অবাক্ হ'য়ে আজ,
দেশের দাঙ্গা থামাতে এখন পড়ে' গেছে কাজ।
বলিহারী সাহস বুড়োর নাইকো ছোরার ভয়,
লাঠি ঠক্ ঠক্ চলে গেয়ে রাজারামকী জয় !
আশী বছরের বুড়ো হয়েছে দাঁত গেছে সব পড়ে',
ফোগ্‌লা বুড়োর হাসিতে তবু চাঁদের হাসি ঝরে।
শিশুর মত সরল হাসি দেবতা যেন হাসে,
এই বুড়োকে জগতশুদ্ধ সবাই ভালবাসে।
হিংসুটে মানুষ আছে দেশে খুংসুটে করে বটে,
তবুও বুড়ো এমনি রসিক একটু নাহি চটে।
বুড়োর আবার বুকের পাটা শুন্‌লে লাগে হাসি,
ছাগল দুধ আর খেজুর খেয়ে বল বেড়েছে রাশি।
একশ পঁচিশ বছর নাকি বাঁচ্‌তে বুড়ো চায়,
দোলায় উঠে বুড়ো আবার দুল্‌তে দুল্‌তে যায়।
আরাম কত বাঁশের দোলায় মানুষের কাঁধে চড়ে',
খাল বিল পার করে বুড়োকে সবাই ঘাড়ে করে'।
বুড়োর টাকে বুদ্ধি ভরা সাদা চুলে ঘেরা,
বুড়ো আবার ম্যাজিক জানে বাঘকে বানায় ভেড়া।
বুড়ো আবার মন্ত্র জানে এম্‌নি ভীষণ বাপ্ !
ছোবল দিতে নেতিয়ে পড়ে কেউটে গোখ্‌রো সাপ।
বুড়োর পরশ লাগ্‌লে নাকি হিংসা ছেড়ে যায়,
ইতর-ভদ্র বুড়োর কাছে সবাই আদর পায়।

বুড়োর হাড়ে ভেল্‌কি খেলে দেহটা বটে ক্ষীণ,
বুড়ো আবার হাঁট্‌তে পারে ঘণ্টায় মাইল তিন।
এখনো বুড়োর শক্তি দেখে অবাক্‌ হ'তে হয়,
বুড়োর দাপে বিশ্ব কাঁপে হয়কে করে নয়।
বুড়োর নামে চার্চ্চিল সাহেব এমনি ওঠে ক্ষেপে,
বুড়োকে বলে ন্যাংটা ফকির রাগে ঠক্‌ঠক্‌ কেঁপে।
বুড়োর নামে জ্বালা চড়ে গায়ের ঝালটা ঝাড়ে,
বুড়ো পেকে এমনি ঝুনো দাঁত বসাতে কে পারে ?
বুড়োর আবার লড়াই দেখ বৃটিশরাজের সাথে,
কোমর বেঁধে দাঁড়িয়ে যায় অস্ত্র নাইকো হাতে।
আফ্রিকাতে করল সুরু সত্যাগ্রহ যবে,
বুড়োর নামে চমকে ওঠে জগতবাসী তবে।
স্মাট্‌স্‌ সাহেবের গাড়ীর সাম্‌নে রাস্তায় শুয়ে পড়ে,
পিণ্ডি যদি বেরিয়ে যায় ভয় নাহি তার করে।
হস্তীপদতলে যেমন প্রহ্লাদ নাহি মরে,
স্মাট্‌সের গাড়ীর চাকা থামে—সন্ধি করে পরে।
দেশকে স্বাধীন কর্‌তে বুড়োর ত্যাগের নাহি শেষ,
অসহযোগ আন্দোলনে মাতিয়ে দিল দেশ।
তারপরেতে আইন অমান্য বিরাট আন্দোলন,
নূন তৈরীর নামে বুড়ো ক্ষ্যাপায় জনগণ।
লাঠি ঘাড়ে পুলিশ ছোটে সত্যাগ্রহী ধরে,
নূনের পুঁট্‌লি কেড়ে নিয়ে জেলের ভেতর পোরে।

জেলখানাটা তখন যেন নূতন শ্বশুরবাড়ী,
নেচে নেচে চল্‌ল দেশের লক্ষ নরনারী।
ভদ্রলোকের আড্ডা হ'ল চোর ডাকাতের স্থান,
দেশের কাজে জেলখানাতে গেলেই বাড়ে মান।
জেলেখানার ঐ জুজুর ভয় কাটিয়ে দিল বুড়ো,
ভারতবর্ষ উঠ্‌ল জেগে আইন ভেঙ্গে গুঁড়ো।
বুড়োর হাতটি ধরে' তখন আরুইন সাহেব বলে,
থামাও বুড়ো হুজুগ তোমার নূন তৈরীর ছলে।
সেই থেকে নূন তৈরী করে' খাচ্ছে মানুষ কিছু,
বৃটীশ জাতি ভাব্‌লো সেদিন ভাগ্‌তে হ'বে পিছু।
তারপরেতে বিয়াল্লিশ সালে বুড়োর ঠেলা দেখি,
"ভারত ছাড়ো" "ভারত ছাড়ো" রব তুলেছে সে কী!
বুড়োকে ধরে' জেলে পোরে দলবল সব নিয়ে,
বৃটিশ তখন যুদ্ধ চালায় ভারতবাসীকে দিয়ে।
জেলে জেলে কাটে বুড়োর দুঃখ তাতে নাই,
ভারতবর্ষ স্বাধীন দেখেই জ্বালা জুড়োবে ভাই!
বুড়ো বলে জেলখানা ত আমার তীর্থস্থান,
সেইখানেতে ভারতমাতার পূণ্যপূজার গান।
জেলখানাতে কাট্‌লো বটে বুড়োর সারা জীবন,
সেইখানেতেই শক্তিপূজার কর্‌ল আয়োজন।
জেলের ভয় কাট্‌লো দেশের ঘুচ্‌লো মরণ ভয়,
বুড়ো শেখালো কেমন করে' বীরকে মর্‌তে হয়।

অস্ত্রে-শস্ত্রে যুদ্ধ চলে পরস্পরকে মারে,
বুড়ো শেখালো নিরস্ত্র বীর দাঁড়িয়ে মর্‌তে পারে।
আঘাত যারা হান্‌বে শুধু বাজ্‌বে তাদের বুকে,
তারাই পাবে শাস্তি ভীষণ থাক্‌বে নাকো সুখে।
বৃটিশ বুলেট ভয় না করি অহিংস-বীর মরে,
বৃটিশজাতি চম্‌কে ওঠে গর্ব্ব মিছে করে।
দেড়শ বছরের রাজ্য যায় এখন তাদের পাপে,
বৃটিশ জাতি পিছন পানে নাম্‌ছে ধাপে ধাপে।
অস্ত্র হাতে বুক ফুলাতো মেজাজ গরম ছিল,
নেংটা ফকির বিনা অস্ত্রে শিখিয়ে তাদের দিল।
বিনা অস্ত্রে রোগ সারাচ্ছে চিকিৎসা চমৎকার!
ব'নে গিয়েছে বুড়ো একজন চাঁদনীর ডাক্তার।
কামান, বিমান, বোমায় কত বৃটিশের রণসজ্জা,
বুড়োর সাম্‌নে দাঁড়াতে এখন পাচ্ছে তারা লজ্জা।
বুড়োর ভেতর শক্তি কত বুঝ্‌ছে হাড়ে হাড়ে,
বুড়ো যদি হঠাৎ দাঁড়ায় হাতটি তুলে নাড়ে।
একটি আঙ্গুল হেলিয়ে যদি বলে মর্‌তে হবে,
কোটী কোটী বীর দাঁড়িয়ে বুক ফুলিয়ে রবে।
তার আড়ালে দাঁড়িয়ে দেশে সহিংস বীর আছে,
আগুন নিয়ে কর্‌বে খেলা মরে কিম্বা বাঁচে।
বৃটীশ সেনার শিক্ষা আছে আজাদী ফৌজ দেখে,
ঝড় উঠ্‌বে সেকি ভীষণ বাণ আস্‌বে ডেকে!

কোথায় লাগে কুরুক্ষেত্র, কোথায় ষ্ট্যালিনগ্রাদ,
সেই কথাটা ভাবতে বুঝি গনেছিল প্রমাদ।
সে সংঘর্ষ এড়িয়ে চলা বুদ্ধিমানের কাজ,
ভারত ছেড়ে চল্‌ল বৃটীশ তাই বুঝিগো আজ।
বুড়োর সাথে আর চালাকী চল্‌বে নাকো ভাই,
স্বাধীনতা বুড়োকে আজ দিয়ে যাচ্ছে তাই।
নইলে বুড়োর বিরাম নাই ক্লান্তি অবসাদ,
রামধুন গান গেয়ে গেয়ে মিটিয়ে নেবে সাধ।
স্বাধীন ভারত করেই যাবে নইলে মরণ নাই,
হরিভক্ত প্রহ্লাদ মারে সাধ্য কাহার ভাই ?
অগ্নিকুণ্ডে ফেলেও তারে পোড়েনি ভক্তবীর,
শিলার সনে বেঁধেও জলে ডোবেনি তাহার শির।
বুড়োও বুঝি কলিকালে জন্মেছে তারি মত,
রামধুন গান গাইছে যত শক্তি বাড়ে তত।
সবাই এখন চিন্‌তে পার এই বুড়োটি কে—
জগতপূজ্য এই বুড়োকে চেনে জগতশুদ্ধ যে !

বুড়োর প্রার্থনা সভায়

## রামধুন সঙ্গীত

রঘুপতি রাঘব রাজা রাম
পতিত পাবন সীতারাম

মঙ্গল পরশন রাজা রাম
পতিত পাবন সীতারাম
শুভ শান্তি বিধায়ক রাজা রাম
পতিত পাবন সীতারাম
বরাভয় দানরত রাজা রাম
পতিত পাবন সীতারাম
নির্ভয় কর প্রভু রাজা রাম
পতিত পাবন সীতারাম
দীন দয়াল রাজা রাম
পতিত পাবন সীতারাম
ঈশ্বর আল্লা তেরে নাম
পতিত পাবন সীতারাম

---


## মহাজাতি সাহিত্য মন্দিরের অন্যান্য পুস্তকাবলি—

১। ভাতের হাঁড়ি—যমের বাড়ী ২। যমরাজার বাঙলায় আগমন ৩। বাঙালী জব্দ ভাতে। ৪। শ্যামের বাঁশী বা সাইরেন ৫। কনট্রোলের ডামাডোল ৬। মহাযুদ্ধের সাক্ষীগোপাল ৭। হিটলারের নরমেধ যোগ্য ৮। কাপড়ে আগুন ৯। ভারতমাতার বস্ত্রহরণ ১০। নেতাজীর অমর কীর্ত্তি ১১। আজাদ হিন্দ ফৌজ ১২। নেতাজীর জন্মোৎসব ১৩। ধর্ম্মঘটে চাঁদের হাট ১৪। বিশ্বশান্তির ডুগ্ ডুগি ১৫। জয় হিন্দ ১৬। আজাদ হিন্দ নেকড়ে বাঘ ১৭। পেট শাসন—ভুঁড়ি অপারেশন ১৮। নেতাজীর পলায়ন কাহিনী ১নং ১৯। নেতাজীর পলায়ন কাহিনী ২ নং ২০। গৃহযুদ্ধ ২১। বিষাদ-সিন্ধু ২২। বউ কথা কও ২৩। ঐ রে ঐ রাক্ষসী আবার আসে ২৪। ভারত ছাড়ো ২৫। নয়া হিন্দুর অভিযান ২৬। এ্যাটম বোমার শতনাম ২৭। জয় যাত্রা ২৮। বুড়োর কাণ্ড ২৯। চাবুক ৩০। অস্ত্র রহস্য ৩১। স্বাধীন ভারতের গোড়াপত্তন ৩২। আশার আলো ৩৩। দুই জাতি-দুই দেশ ৩৪। বাঙ্গালী হিন্দুর স্বাধীন রাষ্ট্র

৩৫। কুলীনের মেয়ে ৩৬। নূতন বিয়ের আইন ২৭। স্বাধীন ভারতে বিজয় নিশান ৩৮। পাকিস্তানের জন্ম। উক্ত ৩৮ খানি ⁄০ ⁄৽ ।০ আনা মূল্যের পুস্তক একত্রে ডাকমাশুল সহ ভিঃ পিঃতে ৩৲টাকা পড়িবে।

**বাঙ্গালী মেয়ের আকাশ যুদ্ধ**—ভয়ঙ্কর রোমাঞ্চকর কাহিনী এই পুস্তকখানি পড়িতে যেমন আগ্রহ জাগে, তেমনই তরুণ তরুণীদিগকে বিমান-জগতে কৃতিত্ব অর্জ্জনে উদ্বুদ্ধ করে। মূল্য দেড় টাকা। ভিঃ পিঃ মাশুলসহ সাত সিকা।

**ঠাকুরমার হারান খাতা**—অতি সুন্দর কবিতায় লেখা লতা পাতা, ফল-মূল, গাছগাছড়ার গুণাগুণ। প্রত্যেক গৃহস্থের নিত্য প্রয়োজনীয় পুস্তক। মূল্য ১৷৷০ টাকা। ডাকমাশুল সহ ভিঃ পিঃ ১৸০ সাত সিকা

**দেশ সোবয় পুণ্য--দেশজননী ধন্য**—এমন সুন্দর মূল্যবান পুস্তক বাজারে আর নাই। পড়িতে পড়িতে প্রাণ নাচিয়া ওঠে। ৩৲ টাকা। ডাকমাশুল সমেত ৩।৵০ তিন টাকা ছায় আনা।

**বড় ঘরের বউ**—রাজপথে টেনে নিয়ে এল এক সয়তান যে সুন্দরী কুলবধুকে—কি তার পরিণাম পড়িতে পড়িতে হৃদয় অভিভুত হয়ে পড়ে। মূল্য ৩৷৷০ টাকা। ভিঃ পিঃ তে ৪৲ টাকা।

**পাকিস্তানের মেয়ে**—অতি ভয়ঙ্কর কাহিনী! পড়িতে পড়িতে শিহরিয়া উঠিবেন—শিরায় শিরায় রক্তনাচন দেখা দিবে। মূল্য ২৲ ভিঃ পিঃ তে ২।৵০ দুই টাকা ছয় আনা।

**স্বাধীন ভারতের ইতিহাস**—ভারতের স্বাধীনতার সমগ্র কাহিনী এবং দেশ নেতাদের অসংখ্য ছবি দেখিতে পাইবেন। মূল্য ৩৲ ভিঃ পিঃ ৩৷৷০ টাকা।

প্রাপ্তিস্থান—মহাজাতি সাহিত্য মন্দির
১৬৮৷১সি, রমেশ দত্ত ষ্ট্রীট কলিকাতা।

শ্রীনগেন্দ্রনাথ দাস কর্ত্তৃক ১৬৮৷১সি রমেশ দত্ত ষ্ট্রীট "সরস্বতী প্রিন্টিং ওয়ার্কস্" হইতে মুদ্রিত ও প্রকাশিত